2020

# BENGALI (Honours)

## Paper Code : III - A & B

## [New Syllabus]

### Important Instructions for Multiple Choice Question (MCQ)

- Write Subject Name and Code, Registration number, Session and Roll number in the space provided on the Answer Script.

  **Example :** Such as for Paper III-A (MCQ) and III-B (Descriptive).

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : [                    ]

- Candidates are required to attempt all questions (MCQ). Below each question, four alternatives are given [i.e. (A), (B), (C), (D)]. Only one of these alternatives is 'CORRECT' answer. The candidate has to write the Correct Alternative [i.e. (A)/(B)/(C)/(D)] against each Question No. in the Answer Script.

  **Example** — If alternative A of 1 is correct, then write :

  **1. — A**

- There is no negative marking for wrong answer.

## মাল্টিপল চয়েস প্রশ্নের (MCQ) জন্য জরুরী নির্দেশাবলী

- উত্তরপত্রে নির্দেশিত স্থানে বিষয়ের (Subject) নাম এবং কোড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন এবং রোল নম্বর লিখতে হবে।

**উদাহরণ —** যেমন Paper III-A (MCQ) এবং III-B (Descriptive)।

Subject Code : | III | A | & | B |

Subject Name : [ ]

- পরীক্ষার্থীদের সবগুলি প্রশ্নের (MCQ) উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে তার উত্তরের স্বপক্ষে (A) / (B) / (C) / (D) সঠিক বিকল্পটিকে প্রশ্ন নম্বর উল্লেখসহ উত্তরপত্রে লিখতে হবে।

**উদাহরণ —** যদি **1** নম্বর প্রশ্নের সঠিক উত্তর **A** হয় তবে লিখতে হবে :

**1. — A**

- ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।

# Paper Code : III - A

Full Marks : 20 Time : Thirty Minutes

Choose the correct answer.

Each question carries 1 mark.

১। ''কৃষ্ণকান্তের উইল'' কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল?

(A) 'ভারতী' পত্রিকায়

(B) 'বঙ্গদর্শন' পত্রিকায়

(C) 'সাধনা' পত্রিকায়

(D) 'ভারতবর্ষ' পত্রিকায়

২। 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে কৃষ্ণকান্তের উইলের লেখক ছিলেন —

(A) সচ্চিদানন্দ ঘোষ

(B) হরনাথ ঘোষ

(C) হরলাল ঘোষ

(D) ব্রহ্মানন্দ ঘোষ

৩। 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে কৃষ্ণকান্তের অপত্য নন —

(A) গোবিন্দলাল

(B) হরলাল

(C) বিনোদলাল

(D) শৈলবতী

৪। লাবণ্যের সঙ্গে অমিতের বিবাহ ঠিক হয়েছিল —

(A) ফাল্গুন মাসে

(B) শ্রাবণ মাসে

(C) অঘ্রাণ মাসে

(D) বৈশাখ মাসে

৫। অমিত কেতকীকে নিয়ে চেরাপুঞ্জিতে কাটিয়েছিল —

(A) ৮ দিন

(B) ৭ দিন

(C) ৬ দিন

(D) ৯ দিন

৬। ''শুনলুম কেতকী মিত্রের সঙ্গে তোমার বিয়ে'' — উক্তিটির বক্তা —

(A) সিসি

(B) যতিশংকর

(C) যোগমায়া

(D) লিলি গাঙ্গুলী

৭। 'কবি' উপন্যাসটি যে পত্রিকায় প্রকাশিত হয়েছিল —

(A) 'প্রবাসী' পত্রিকায়

(B) 'ভারতবর্ষ' পত্রিকায়

(C) 'আনন্দবাজার' পত্রিকায়

(D) 'প্রভাতী' পত্রিকায়

৮। বেহালাদারের মনের মানুষ ছিল —

(A) নির্মলা

(B) ললিতা

(C) ঝুমুর দলের মাসী

(D) বসন্ত

৯। ''পরাণ বঁধুয়া তুমি,

তোমার আগেতে মরণ হউক এই বর মাগি আমি'' — গানটি গেয়েছে —

(A) বসন্ত

(B) ঠাকুরঝি

(C) নিতাই

(D) নোটন দাস কবিয়াল

১০। 'কিন্নর দল' গল্পে উল্লিখিত যে মেয়েটি সুবিধের নয় তার বয়স —

(A) বছর দশ

(B) বছর এগারো

(C) বছর তেরো

(D) বছর বারো

১১। 'বদনাম' গল্পে শিশির বাবুর মেয়ের নাম ছিল —

(A) ঝিলি

(B) মিনু

(C) মিনতি

(D) সৌদামিনী

১২। দক্ষিণাচরণবাবু তাঁর স্ত্রী-কে নিয়ে ঘুরতে গিয়েছিলেন —

(A) নৈনিতালে

(B) বরানগরে

(C) এলাহাবাদে

(D) জয়পুরে

১৩। 'ভানা' উপন্যাসটির লেখক —

(A) মহাশ্বেতা দেবী

(B) বনফুল

(C) শিবরাম চক্রবর্তী

(D) রবীন্দ্রনাথ ঠাকুর

১৪। জটি ঠাকুরানীর স্বামীর নাম —

(A) উৎসব

(B) সদানন্দ

(C) আনন্দ

(D) অনাদি ডাক্তার

১৫। 'কালান্তক লালফিতা' গল্পটির লেখক —

(A) বনফুল

(B) মহাশ্বেতা দেবী

(C) শিবরাম চক্রবর্তী

(D) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

১৬। "পৃথিবীর বুকে ওর জন্মদাতা আমি" — উদ্ধৃতিটি আছে —

(A) 'কালান্তক লালফিতা' গল্পে

(B) 'বলরাম' গল্পে

(C) 'দেবতার জন্ম' গল্পে

(D) 'কিন্নর দল' গল্পে

১৭। বনফুলের তাজমহল গল্পটি কয়টি পরিচ্ছেদে বিভক্ত?

(A) ৬টি পরিচ্ছেদে

(B) ৯টি পরিচ্ছেদে

(C) কোনো পরিচ্ছেদে বিভক্ত নয়

(D) ৫টি পরিচ্ছেদে

১৮। 'কবি' উপন্যাসে মোট পরিচ্ছেদ সংখ্যা —

(A) ২৩টি

(B) ২১টি

(C) ২২টি

(D) ২০টি

১৯। 'স্তন্যদায়িনী' গল্পে যশোদার ক্যান্সার হয়েছিল —

(A) বাম স্তনে

(B) ডান স্তনে

(C) গলায়

(D) বাম কনুই-এ

২০। যখন দেবী সরস্বতী স্বয়ং গায়কের কাছে উপস্থিত হন —

(A) ফাল্গুনী পূর্ণিমা রাতে

(B) আষাঢ়ী পূর্ণিমা রাতে

(C) মাঘী পূর্ণিমা রাতে

(D) বৈশাখী পূর্ণিমা রাতে

# 2020

# BENGALI (Honours)

## Paper Code : III - B

## [New Syllabus]

Full Marks : 80 Time : Three Hours Thirty Minutes

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৯×২=১৮

(ক) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে বাংলা আঞ্চলিক উপন্যাস সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(খ) চেতনাপ্রবাহ রীতির উপন্যাস বলতে কী বোঝ? এই শ্রেণির উপন্যাসের লক্ষণগুলি উল্লেখ করো এবং একটি বাংলা চেতনাপ্রবাহ রীতির উপন্যাস অবলম্বনে বিষয়টি পরিস্ফুট করো।

(গ) ঐতিহাসিক উপন্যাস কাকে বলে? ঐতিহাসিক উপন্যাস ও ইতিহাসাশ্রিত উপন্যাসের পার্থক্য নির্দেশ করো।

(ঘ) রাজনৈতিক উপন্যাসের সংজ্ঞা দাও। বাংলা রাজনৈতিক উপন্যাস সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

২। "রোহিণীর তৃষ্ণা কেবলমাত্র প্রেমতৃষ্ণা নয়, রোহিণীর তৃষ্ণাকে এককথায় নাম দেওয়া যেতে পারে জীবনতৃষ্ণা" — সমালোচকের এই মন্তব্যের আলোকে রোহিণী চরিত্র আলোচনা করো এবং তার পরিণতি কতদূর শিল্পসার্থক তা বিচার করো। ১৩

অথবা

'কৃষ্ণকান্তের উইল' — উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১৩

৩। "'কবি' উপন্যাসটি নিতাইচরণের কবি হয়ে ওঠার কাহিনী" — আলোচনা করো। ১৩

অথবা

"মেয়েটির নাম ঠাকুরঝি, ওই নামেই সকলে তাহাকে ডাকিত। এই মেয়েটিকে 'কবি'-র কবি যে তুলিকায় অঙ্কন করিয়াছেন তাহাও ওস্তাদ শিল্পীর উপযুক্ত" — ঠাকুরঝি চরিত্র সম্পর্কে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১৪

৪। "'শেষের কবিতা' শুধু রবীন্দ্র-উপন্যাস ধারায় নয়, সমগ্র বাংলা সাহিত্যে বিভিন্ন দিক দিয়ে অভিনব" — আলোচনা কর। ১৪

অথবা

"রবীন্দ্রনাথের 'শেষের কবিতা' উপন্যাসে যোগমায়া চরিত্রটি প্রধান চরিত্রের সম্মান না পেলেও উপন্যাসে তাঁর ভূমিকা ও গুরুত্ব অপরিসীম" — আলোচনা করো। ১৪

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'নিশীথে' গল্পটিকে অতিপ্রাকৃত গল্প বলা যায় কিনা যুক্তিসহ আলোচনা করো।

(খ) 'কিন্নর দল' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) "ভারতের সম্রাট শাজাহান নির্মিত তাজমহল তাঁর পত্নী মমতাজের অপরূপ স্মৃতিসৌধ। এই সৌধ নির্মাণের পশ্চাতে রয়েছে শাজাহানের প্রেমিক সত্তা ও তাঁর শিল্পী সত্তা" — বনফুলের 'তাজমহল' গল্প অবলম্বনে এই মন্তব্যের যথার্থতা বিচার করো।

(ঘ) মহাশ্বেতা দেবীর 'স্তন্যদায়িনী' গল্পে যশোদা চরিত্রটি যেভাবে রূপায়িত হয়েছে তা গল্পটি অবলম্বনে আলোচনা করো।